রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১২৮-আইন/২০১৯।**—কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮ (২০১৮ সনের ৫ নং আইন) এর ধারা ১২ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮ (২০১৮ সনের ৫ নং আইন);

(খ) **"কমিটি"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত উপজেলা সেচ কমিটি;

(গ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(ঘ) **"ফরম"** অর্থ তপশিলে উল্লিখিত ফরম;

(ঙ) **"বিদ্যমান নলকূপ"** অর্থ আইনের ধারা ৬ এ উল্লিখিত কোনো নলকূপ;

(চ) **"সদস্য"** অর্থ কমিটির সদস্য;

(ছ) **"সদস্য-সচিব"** অর্থ কমিটির সদস্য-সচিব।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থেই ব্যবহৃত হইবে।

৩। **উপজেলা সেচ কমিটির গঠন, ইত্যাদি।**—(১) উপজেলা পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপজেলা সেচ কমিটি গঠন করিবে, যথা :—

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) উপজেলা কৃষি কর্মকর্তা;

(গ) উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর;

(ঘ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা;

(ঙ) পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধি;

(চ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা, ক্ষেত্রমত, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের একজন প্রতিনিধি;

(ছ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের একজন প্রতিনিধি;

(জ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত উপজেলার কৃষক সংগঠনের একজন প্রতিনিধি;

(ঝ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বা, ক্ষেত্রমত, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ এর সহকারী প্রকৌশলী, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লিখিত স্থান সরেজমিনে পরিদর্শন এবং সংশ্লিষ্ট তথ্যাবলির সত্যতা যাচাইপূর্বক উপজেলা পরিষদের নিকট প্রতিবেদন দাখিল;

(খ) লাইসেন্সের আবেদন পুনর্বিবেচনার ক্ষেত্রে উপজেলা পরিষদের নির্দেশনার আলোকে মতামত প্রদান;

(গ) লাইসেন্সের শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে সাময়িকভাবে লাইসেন্স স্থগিতকরণ;

(ঘ) লাইসেন্স বাতিলের বিষয়ে উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ।

(৩) কমিটির সভা সভাপতির সম্মতিক্রমে সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে এবং সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৪) সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) কমিটির সভার কোরামের জন্য অন্যূন ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৬) সভাপতি, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে, কমিটিতে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবেন।

(৭) কমিটির সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৮) কমিটির সকল দলিলপত্রাদি সদস্য-সচিবের হেফাজতে রক্ষিত থাকিবে।

(৯) কমিটি স্বয়ং উহার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

৪। **নলকূপ স্থাপনের লাইসেন্সের জন্য আবেদন, ইত্যাদি।**—(১) কৃষি কাজে ব্যবহারের জন্য নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিমিত্ত, তপশিল-২ এর ফরম-ক অনুযায়ী উপজেলা পরিষদের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট মৌজা বা, ক্ষেত্রমত, মৌজাসমূহের নকসার দুইটি অনুলিপি সংযুক্ত করিতে হইবে, যথা :—

(ক) নলকূপ স্থাপনের জন্য প্রস্তাবিত স্থানের সুনির্দিষ্ট অবস্থান;

(খ) নলকূপ স্থাপনের জন্য প্রস্তাবিত স্থানের পার্শ্ববর্তী এলাকায় নদী, খাল ও বিলের অবস্থান;

(গ) ফসলের পরিমাণ ও বিবরণসহ প্রস্তাবিত সেচ এলাকা; এবং

(ঘ) প্রস্তাবিত সেচ এলাকার চতুর্পার্শ্বে অবস্থিত নলকূপের অবস্থান।

(৩) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত সদস্য-সচিব কর্তৃক নির্দেশিত ব্যাংক হিসাবে উপজেলা পরিষদের অনুকূলে নিম্নের টেবিলে উল্লিখিত লাইসেন্সের আবেদন ফি জমা প্রদানপূর্বক উক্ত ফি জমাদানের রশিদ সংযুক্ত করিতে হইবে, যথা :—

টেবিল

| ক্রমিক নং | নলকূপের বিবরণ | কিউসেক | ফি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | গভীর নলকূপ | ২.০ | ৫০০.০০ টাকা |
| | | ১.৫ | ৪০০.০০ টাকা |
| | | ১.০ | ৩০০.০০ টাকা |
| | | ০.৫ | ২০০.০০ টাকা |
| ২। | অগভীর নলকূপ | .. | ২০০.০০ টাকা |

(৪) একাধিক ব্যক্তি যৌথভাবে অথবা কোনো সমিতি কর্তৃক কৃষি কাজের জন্য নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনের ক্ষেত্রে তাহাদের মধ্য হইতে একজনকে অথবা, ক্ষেত্রমত, সমিতির একজন সদস্যকে আবেদন করিবার জন্য ক্ষমতার্পণ করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত উক্তরূপ ক্ষমতার্পণের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

(৫) লাইসেন্সের আবেদন ফরম বিনামূল্যে উপজেলা পরিষদ অথবা সদস্য-সচিবের নিকট হইতে সংগ্রহ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, লাইসেন্সের আবেদন ফরম বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট হইতে ডাউনলোড করিয়া অথবা মূল বা ডাউনলোডকৃত ফরম ফটোকপি করিয়া ব্যবহার করা যাইবে।

(৬) উপজেলা পরিষদ, উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনপত্র প্রাপ্ত হইলে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা কমিটির নিকট প্রেরণপূর্বক উহাতে উল্লিখিত স্থান ও তথ্যাবলির সত্যতা সরেজমিনে যাচাই অন্তে লিখিত প্রতিবেদন দাখিলের জন্য কমিটিকে নির্দেশনা প্রদান করিবে।

(৭) কমিটি, উপ-বিধি (৬) এর অধীন নির্দেশনা প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে, স্বয়ং অথবা এক বা একাধিক সদস্য কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থান পরিদর্শন ও সংশ্লিষ্ট তথ্যাবলি সরেজমিনে যাচাইপূর্বক নিম্নবর্ণিত বিষয়ের উপর সুনির্দিষ্ট মন্তব্য ও সুপারিশসম্বলিত একটি প্রতিবেদন প্রস্তুত করিবে এবং উহা, উক্ত উপ-বিধির অধীন নির্দেশনা প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উপজেলা পরিষদের নিকট দাখিল করিবে, যথা :—

(ক) যে স্থানে নলকূপ স্থাপন করা হইবে সেই স্থানের পানিধারক স্তরের অবস্থা;

(খ) নিকটবর্তী অন্যান্য নলকূপের দূরত্ব;

(গ) নলকূপ দ্বারা উপকৃত হইবে এইরূপ সম্ভাব্য এলাকা;

(ঘ) গৃহস্থালীর উদ্দেশ্যে ব্যবহৃত নলকূপসহ অন্যান্য নলকূপের উপর সম্ভাব্য প্রভাব;

(ঙ) তপশিল-১ এ বর্ণিত শর্তাবলির আলোকে নলকূপ স্থাপনের জন্য খনন স্থানের উপযুক্ততা।

(৮) কমিটি কোনো লাইসেন্স প্রদানের সুপারিশ করিলে, যে সকল শর্তাধীনে উহা প্রদান করা উচিত তাহাও উহার প্রতিবেদনে উল্লেখ করিবে।

(৯) উপ-বিধি (৭) এর অধীন স্থান পরিদর্শন ও তথ্যাবলি যাচাইয়ের অন্যূন ৩ (তিন) দিন পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(১০) উপ-বিধি (৭) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর উপজেলা পরিষদ উহার পরবর্তী সভায় প্রতিবেদনটি উপস্থাপন করিবে।

৫। **নলকূপের আওতাধীন ন্যূনতম এলাকা।**—কৃষি কাজে ব্যবহার্য কোনো নলকূপের প্রস্তাবিত সেচ এলাকার পরিমাণ নিম্নের টেবিলে উল্লিখিত পরিমাণ অপেক্ষা কম হইলে কমিটি সংশ্লিষ্ট আবেদনপত্র অনুমোদনের জন্য সুপারিশ করিবে না, যথা :—

<u>টেবিল</u>

| ক্রমিক নং | নলকূপের বিবরণ | কিউসেক | হেক্টর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | গভীর নলকূপ | ২.০ | ২৪ |
| | | ১.৫ | ১৮ |
| | | ১.০ | ১২ |
| | | ০.৫ | ৬ |
| ২। | অগভীর নলকূপ | - | ৬ |

৬। **লাইসেন্স প্রদান**।—(১) উপজেলা পরিষদ, বিধি ৪ বা, ক্ষেত্রমত, বিধি ১০ এর অধীন দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে, নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্ট হইলে, উপ-বিধি (২) এ উল্লিখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে, উপজেলা পরিষদের সভায় প্রতিবেদনটি উপস্থাপনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তপশিল-২ এর ফরম-খ অনুযায়ী নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদান করিবে, যথা:—

(ক) যে এলাকায় নলকূপ স্থাপন করা হইবে সেই এলাকার কৃষি কাজ উপকৃত হইবে;

(খ) পারিপার্শ্বিক পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়িবে না; অথবা

(গ) অন্য কোনোভাবে বাস্তবায়নযোগ্য।

(২) নলকূপ স্থাপনের লাইসেন্সের আবেদন মঞ্জুর হইলে আবেদনকারীকে সদস্য-সচিব কর্তৃক নির্দেশিত ব্যাংক হিসাবে উপজেলা পরিষদের অনুকূলে নিম্নের টেবিলে বর্ণিত লাইসেন্স ফি জমা প্রদান করিতে হইবে, যথা :—

<u>টেবিল</u>

| ক্রমিক নং | নলকূপের বিবরণ | ফি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | গভীর নলকূপ | ৩০০০.০০ টাকা |
| ২। | অগভীর নলকূপ | ১০০০.০০ টাকা |

৭। **লাইসেন্সের আবেদন নামঞ্জুর**।—উপজেলা পরিষদ, বিধি ৪ এর উপ-বিধি (৭) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনে সন্তুষ্ট না হইলে, লাইসেন্সের আবেদন নামঞ্জুর করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, লাইসেন্সের আবেদন নামঞ্জুর করা হইলে, নামঞ্জুর করিবার কারণ ও যৌক্তিকতা, উক্তরূপ সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে, আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৮। **লাইসেন্সের আবেদন পুনর্বিবেচনা**।—(১) কোনো লাইসেন্সের আবেদন নামঞ্জুর করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি, উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, সিদ্ধান্তটি পুনর্বিবেচনার জন্য উপজেলা পরিষদের নিকট লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) যে সকল বিষয় উপজেলা পরিষদ কর্তৃক বিবেচিত হওয়া উচিত ছিল অথচ উহা উক্ত পরিষদ কর্তৃক বিবেচিত হয় নাই এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি, যাহার ভিত্তিতে লাইসেন্স প্রদান করা যায় বলিয়া আবেদনকারী মনে করেন, উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রে সংক্ষিপ্তভাবে উল্লেখ করিতে হইবে।

(৩) উপজেলা পরিষদ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, প্রয়োজনে, মতামত প্রদানের জন্য ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা কমিটির নিকট প্রেরণ করিতে পারিবে এবং কমিটি, নির্দেশনা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে, আবেদনটি পর্যালোচনাপূর্বক উপজেলা পরিষদের নিকট উহার মতামত প্রদান করিবে।

(৪) উপজেলা পরিষদ, সংক্ষুব্ধ ব্যক্তির আবেদন এবং, ক্ষেত্রমত, উপ-বিধি (৩) এ উল্লিখিত মতামত বিবেচনাক্রমে, আবেদন প্রাপ্তির বা ক্ষেত্রমত মতামত প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহার সিদ্ধান্ত প্রদান করিবে এবং এতদ্বিষয়ে উপজেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। **লাইসেন্সের মেয়াদ, নবায়ন, ইত্যাদি।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো লাইসেন্স উহার মেয়াদ অতিক্রান্ত হইবার পূর্বেই বাতিল করা না হইলে উহা প্রদান অথবা, ক্ষেত্রমত, নবায়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

(২) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৭ (সাত) দিন পূর্বে লাইসেন্স নবায়নের জন্য বিধি ৪ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত ফি'সহ তপশিল-২ এর ফরম-গ অনুযায়ী উপজেলা পরিষদের নিকট আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে বিলম্ব হইলে, উক্ত বিলম্বের জন্য নবায়ন ফি এর অতিরিক্ত হিসাবে, গভীর নলকূপের ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা এবং অগভীর নলকূপের ক্ষেত্রে ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা, বিলম্ব ফি জমা প্রদান করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, উক্ত বিলম্বের সময়সীমা লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের অধিক হইলে নূতন করিয়া লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে।

(৪) এই বিধির অধীনে আবেদনপত্র দাখিলের পর কোনো লাইসেন্স নবায়নের বা অন্যবিধ সিদ্ধান্ত প্রদান না করা পর্যন্ত সংশ্লিষ্ট নলকূপ চালু রাখা যাইবে।

১০। **বিদ্যমান নলকূপের লাইসেন্স।**—(১) বিদ্যমান নলকূপের লাইসেন্সের জন্য নলকূপের মালিক বা, ক্ষেত্রমত, ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে এই বিধিমালা কার্যকরের তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট নলকূপের অবস্থান ও নলকূপ সম্পর্কিত অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক তপশিল-২ এর ফরম-ঘ অনুযায়ী উপজেলা পরিষদের নিকট আবেদন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যের ঘাটতি থাকিলে উহা উপস্থাপন করিবার জন্য উপজেলা পরিষদ আবেদনকারীকে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত সদস্য-সচিব কর্তৃক নির্দেশিত ব্যাংক হিসাবে উপজেলা পরিষদের অনুকূলে বিধি ৪ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত আবেদন ফি জমা প্রদানপূর্বক উক্ত ফি জমাদানের রশিদ সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উপজেলা পরিষদ, ক্ষেত্রমত, বিধি ৪ ও ৬ এর বিধান, প্রয়োজনীয় অভিযোজনসহ, অনুসরণপূর্বক বিদ্যমান নলকূপের লাইসেন্স প্রদান করিবে।

১১। **লাইসেন্স স্থগিতকরণ।**—(১) কোনো ব্যক্তি লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করিয়াছেন মর্মে কমিটির গোচরীভূত হইলে, কমিটি সংশ্লিষ্ট ব্যক্তিকে ৭ (সাত) কার্যদিবস সময় প্রদান করিয়া কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করিবে।

(২) কমিটি, উপ-বিধি (১) এ উল্লিখিত নোটিশের জবাবে সন্তুষ্ট না হইলে কিংবা নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব প্রাপ্ত না হইলে, প্রয়োজনে, এক বা একাধিক সদস্য কর্তৃক বিষয়টি সরেজমিনে যাচাইপূর্বক, উপযুক্ত মনে করিলে, কারণ উল্লেখপূর্বক লিখিত আদেশ দ্বারা, সংশ্লিষ্ট লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করা হইলে, উক্তরূপ স্থগিতকরণের আদেশ জারির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, উহা অনুমোদনের জন্য উপজেলা পরিষদের নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো আদেশ অনুমোদনের জন্য উপজেলা পরিষদের নিকট প্রেরিত হইলে, উপজেলা পরিষদ সংশ্লিষ্ট লাইসেন্স গ্রহীতাকে শুনানীর জন্য ৭ (সাত) কার্যদিবস সময় প্রদান করিয়া নোটিশ প্রদান করিবে এবং, শুনানী গ্রহণপূর্বক, লাইসেন্স স্থগিতকরণের যৌক্তিক ও যথেষ্ট কারণ বিদ্যমান রহিয়াছে মর্মে সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট আদেশটি অনুমোদন করিবে অথবা লাইসেন্স স্থগিতকরণের যৌক্তিক ও যথেষ্ট কারণ বিদ্যমান না থাকিলে আদেশটি বাতিল করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন কোনো লাইসেন্স স্থগিত করা হইলে উহার কার্যকারিতা ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বহাল থাকিবে।

(৬) উপজেলা পরিষদ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদিত হইলে সংক্ষুব্ধ ব্যক্তি, উক্ত আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে, উহা পুনর্বিবেচনার জন্য উপজেলা পরিষদের নিকট আবেদন করিতে পারিবেন।

(৭) উপজেলা পরিষদ এই বিধির অধীন দাখিলকৃত পুনর্বিবেচনার আবেদন ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিবে, যাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৮) লাইসেন্স স্থগিতকরণের আদেশ উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে সদস্য-সচিব উহা পত্র দ্বারা সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবেন।

১২। **লাইসেন্স বাতিলকরণ।**—(১) কোনো লাইসেন্স বিগত ১(এক) বৎসরের মধ্যে ৩(তিন) বার স্থগিত হইলে কমিটি, প্রয়োজনে, স্বয়ং বা এক বা একাধিক সদস্য কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক বিষয়টির উপর একটি প্রতিবেদন প্রস্তুত করিয়া উপজেলা পরিষদের নিকট দাখিল করিবে।

(২) উপজেলা পরিষদ, উপ-বিধি (১) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, কেন লাইসেন্স বাতিল করা হইবে না তদ্‌মর্মে লাইসেন্স গ্রহীতাকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য, এবং তিনি ব্যক্তিগতভাবে বক্তব্য উপস্থাপন করিতে চাহেন কিনা তদ্‌মর্মে নোটিশ প্রদান করিবে।

(৩) উপজেলা পরিষদ, উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে, লাইসেন্স গ্রহীতার লিখিত ও ব্যক্তিগত বক্তব্য, যদি থাকে, বিবেচনাক্রমে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করা সমীচীন তাহা হইলে উক্ত লাইসেন্স বাতিল করিতে পারিবে।

১৩। **অর্থ ব্যবস্থাপনা।**—(১) উপজেলা পরিষদের অনুমোদনক্রমে, সভাপতি ও সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে, প্রতিটি উপজেলায় একটি ব্যাংক হিসাব খুলিতে হইবে, যাহাতে বিধি ৪(৩) ও ৬(২) এ উল্লিখিত ফি'সমূহ জমা হইবে।

(২) উপজেলা পরিষদের অনুমোদনক্রমে, উপ-বিধি (১) এ উল্লিখিত হিসাব হইতে এই বিধিমালায় উল্লিখিত আবেদন ফরম, লাইসেন্স ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রাদি মুদ্রণ ও সরবরাহসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যয় নির্বাহ করা যাইবে।

১৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ১৯৮৭ রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত রহিত বিধিমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্য এই বিধিমালা কার্যকর হইবার সময় অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে;

(গ) প্রদত্ত কোনো আদেশ উক্তরূপ রহিত হইবার অব্যবহিত পূর্বে কার্যকর থাকিলে, উহা এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(ঘ) ইস্যুকৃত কোনো লাইসেন্স উক্তরূপ রহিত হইবার অব্যবহিত পূর্বে কার্যকর থাকিলে, উহা উহার অবশিষ্ট মেয়াদ পর্যন্ত এমনভাবে বহাল থাকিবে যেন এই বিধিমালার অধীন ইস্যু করা হইয়াছে।

**তপশিল-১**

[বিধি ৪(৭)(ঙ) দ্রষ্টব্য]

**নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের শর্তাবলি**

১। **মৃত্তিকা :** বোরো, গম, ভুট্টা ও শাকসজি চাষের উপযোগী মৃত্তিকাবিশিষ্ট জমিকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

২। **স্থায়ী নদী হইতে দূরত্ব :** সর্বদা প্রবাহমান নদী হইতে নলকূপ স্থাপনের স্থান অন্তত ১.৫ কি.মি. দূরে অবস্থিত হইবে।

৩। **ভূ-প্রকৃতি :** নলকূপ স্থাপনের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে নলকূপের প্লাটফরমটি বন্যার সময় পানির সচরাচর সর্বোচ্চ স্তর অপেক্ষা উঁচু স্থানে থাকে।

৪। **সেচের পানি বণ্টন :** নলকূপ স্থাপনের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে সেচের পানি চতুর্দিকে বিতরণ করা যায়।

৫। **দুইটি নলকূপের পারস্পরিক দূরত্ব :** দুইটি নলকূপের পারস্পরিক দূরত্ব হইবে নিম্নরূপ, যথা :

| ক্যাপাসিটি | ২.০০ কিউসেক | ১.৫০ কিউসেক | ১.০০ কিউসেক | ০.৫০ কিউসেক |
|---|---|---|---|---|
| ২.০০ কিউসেক | ৮০০ মিটার | ৬৯০ মিটার | ৬০০ মিটার | ৫০০ মিটার |
| ১.৫০ কিউসেক | ৬৯০ মিটার | ৬৩০ মিটার | ৫৪০ মিটার | ৪১৫ মিটার |
| ১.০০ কিউসেক | ৬০০ মিটার | ৫৪০ মিটার | ৪৫০ মিটার | ৩৫০ মিটার |
| ০.৫০ কিউসেক | ৫০০ মিটার | ৪১৫ মিটার | ৩৫০ মিটার | ২৫০ মিটার |

**তপশিল-২**

**ফরম-ক**

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

**নলকূপ স্থাপনের লাইসেন্সের জন্য আবেদনপত্র**

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
উপজেলা ........................ ।

| |
|---|
| (শুধু অফিসের কাজে ব্যবহার্য) |
| ক্রমিক নং ..............................গভীর/অগভীর নলকূপ |
| (সাইজ ................) |
| আবেদন গ্রহণের তারিখ : .................................... |
| স্বাক্ষর............................. |
| (বিঃদ্রঃ প্রার্থীত নলকূপের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করিতে হইবে) |

১। আবেদনকারীর নাম :

(ক) আবেদনকারী একক ব্যক্তি হইলে : .......................................

(খ) আবেদনকারী সমবায় সমিতি/প্রতিষ্ঠান হইলে :

(অ) সমিতি/প্রতিষ্ঠানের নাম ও রেজিস্ট্রেশন নম্বর : ..........................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম : ....................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে)।

(গ) আবেদনকারী একটি গোষ্ঠী হইলে :

(অ) গোষ্ঠীর নাম : .....................................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম : ....................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে)।

২। আবেদনকারীর ঠিকানা : ........................................................

৩। প্রার্থীত নলকূপের শ্রেণি : ........................................................

৪। নলকূপের দ্বারা সম্ভাব্য উপকৃত এলাকা এবং তথ্যাদি :
(প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)।

৫। নলকূপ স্থাপনের প্রস্তাবিত স্থান : ...............................................
(মৌজার নাম, জে.এল. নম্বর এবং খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে)।

৬। প্রস্তাবিত স্থান হইতে নিকটবর্তী গভীর/অগভীর নলকূপের দূরত্ব এবং জানা থাকিলে উক্ত নলকূপের অন্যান্য তথ্যাদি : ..........................................................................

(প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)।

৭। লাইসেন্স প্রদানের জন্য কোনো বিশেষ বিবেচনা, যদি থাকে : .......................................
(প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)।

৮। জমাকৃত ফি'র পরিমাণ, জমাদানের তারিখ ও রসিদ নম্বর (রসিদ সংযুক্ত করিতে হইবে) :

৯। দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা :

(১)

(২)

(৩)

(৪)

(৫)

(৬)

তারিখ : ................................ আবেদনকারীর নাম ও স্বাক্ষর

**ফরম-খ**
**[ বিধি ৬(১) দ্রষ্টব্য ]**

**নলকূপ স্থাপনের লাইসেন্স**

উপজেলা ...............................................................তারিখ ..................................

লাইসেন্স নং .........................................................নলকূপের শ্রেণি .........................

সাইজ ............................জনাব/জনাবা ................................................................

সমবায় সমিতি/প্রতিষ্ঠান/গোষ্ঠীর পক্ষে জনাব/জনাবা .......................পিতা : ......................

গ্রাম : ..........................................ইউনিয়ন পরিষদ : ...............................................

ডাকঘর : ........................................... মৌজা : ....................................................

জে, এল নং : .................................... এর খতিয়ান নং : ........................................

দাগ নং: ...................তে নিম্নবর্ণিত শর্তে নলকূপ স্থাপনের জন্য লাইসেন্স প্রদান করা হইল।

**শর্তাবলি:**

(১) লাইসেন্সের মেয়াদ ইস্যুর তারিখ হইতে ৩(তিন) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

(২) লাইসেন্স প্রাপ্তির ১ (এক) বৎসরের মধ্যে নলকূপ স্থাপন করা না হইলে লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) নলকূপ স্থাপনের ৭ (সাত) দিনের মধ্যে স্থাপনের তারিখ উপজেলা সেচ কমিটিকে অবহিত করিতে হইবে।

(৪) উপজেলা সেচ কমিটির অনুমতি ব্যতিরেকে নলকূপের স্থান পরিবর্তন বা অন্য কোনোভাবে স্থানান্তর করা যাইবে না।

(৫) সেচ কার্য ছাড়া অন্য কোনো কাজে নলকূপটি ব্যবহার করা যাইবে না।

(স্বাক্ষর ও সীলমোহর)

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ, ...........।

**নবায়ন**

| নবায়নের স্থিতিকাল | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ (সীলমোহরসহ) |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

**ফরম-গ**

[ বিধি ৯(২) দ্রষ্টব্য ]

**নলকূপ স্থাপনের লাইসেন্স নবায়নের আবেদনপত্র**

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

উপজেলা ..............................।

লাইসেন্স নং : ............................................. তারিখ : ........................................

১। আবেদনকারীর নাম : ..............................................................................

২। নলকূপের শ্রেণি : ....................................................................................

৩। নলকূপের অবস্থান : ................................................................................

৪। কোনো সময় লাইসেন্স স্থগিত করা হইয়া থাকিলে, সংক্ষেপে সংশ্লিষ্ট তথ্য : .........................

৫। বিগত মৌসুমে নলকূপের দ্বারা উপকৃত এলাকার বিবরণ : ..............................................

৬। বিগত মৌসুমে নলকূপ অব্যবহৃত থাকিলে উহার মেয়াদ ও কারণ : ...................................

৭। জমাকৃত ফি'র পরিমাণ, জমাদানের তারিখ ও রসিদ নম্বর (রসিদ সংযুক্ত করিতে হইবে) :

তারিখ : আবেদনকারীর নাম ও স্বাক্ষর

**ফরম-ঘ**

বিধি ১০(১) দ্রষ্টব্য

<u>বিদ্যমান নলকূপের লাইসেন্সের জন্য আবেদনপত্র</u>

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

উপজেলা ......................।

(শুধু অফিসের কাজে ব্যবহার্য)

ক্রমিক নং ...................... গভীর/অগভীর নলকূপ

( সাইজ................)

আবেদন গ্রহণের তারিখ ..............................

স্বাক্ষর ........................

(বিঃদ্রঃ প্রার্থীত নলকূপের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করিতে হইবে)

১। আবেদনকারীর নাম :

(ক) আবেদনকারী একক ব্যক্তি হইলে : .................................

(খ) আবেদনকারী সমবায় সমিতি/প্রতিষ্ঠান হইলে :

(অ) সমিতি/প্রতিষ্ঠানের নাম ও রেজিস্ট্রেশন নম্বর : ..........................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম : ...................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে)।

(গ) আবেদনকারী একটি গোষ্ঠী হইলে :

(অ) গোষ্ঠীর নাম :................................................

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম : ...................................

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে)।

২। আবেদনকারীর ঠিকানা : .........................................................

৩। প্রার্থীত নলকূপের শ্রেণি : .............................................................

৪। নলকূপের দ্বারা উপকৃত এলাকা এবং তথ্যাদি : ......................................
(প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)।

৫। বিদ্যমান নলকূপের অবস্থানের বিবরণ (গভীর বা অগভীর) : ..............................
(মৌজার নাম, জে.এল নম্বর এবং খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে)।

৬। জমাকৃত ফি'র পরিমাণ, জমাদানের তারিখ ও রসিদ নম্বর (রসিদ সংযুক্ত করিতে হইবে):

৭। দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

(১)

(২)

(৩)

(৪)

(৫)

(৬)

তারিখ : আবেদনকারীর নাম ও স্বাক্ষর

.....................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসিরুজ্জামান**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd